




বাংলাদেশ দূতাবাস
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রিদ, স্পেন

Embassy of the People's Republic of Bangladesh
Embajada de la República Popular de Bangladesh
Madrid, Spain



নং:-১৯.০১.৩৪০১.২০০.৩৩.০০৭.২১

২৮ ফেব্রুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

প্রিয় সোনামনি শিশু কিশোরবৃন্দ,

আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। দিবসটিকে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে অত্র দূতাবাস স্পেন প্রবাসী বাংলাদেশী শিশু-কিশোরদের অংশগ্রহণে আগামী ১১ মার্চ ২০২৩ (শনিবার) এক বয়সভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করছে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতার বয়সভিত্তিক গ্রুপ ও বিষয়:

গ্রুপ-ক	গ্রুপ-খ	গ্রুপ-গ
বয়স: ৮ বছর পর্যন্ত	বয়স: ৮+ থেকে ১৪ বছর পর্যন্ত	বয়স: ১৪+ থেকে ২০ বছর পর্যন্ত
বিষয়: বাংলাদেশ	বিষয়: বাংলাদেশ/মুক্তিযুদ্ধ/বঙ্গবন্ধু	বিষয়: বাংলাদেশ/মুক্তিযুদ্ধ/বঙ্গবন্ধু

- চিত্রাঙ্কন প্রতিযোগিতার স্থান: দূতাবাস প্রাঙ্গন।
- তারিখ ও সময়: শনিবার ১১ মার্চ ২০২৩, বিকাল ৪:০০-৫:০০ ঘটিকা।
- চিত্রাঙ্কন প্রতিযোগিতার আর্টপেপার এবং রজিন ড্রেয়ন দূতাবাস সরবরাহ করবে (তবে আগ্রহী প্রতিযোগিতা চাইলে নিজের পছন্দ অনুযায়ী রজিন পেপিল এবং অন্য চিত্রাঙ্কন সামগ্রী সঙ্গে আনতে পারে)।
- শিশুদেরকে অভিভাবকসহ যথাসময়ে উপস্থিত থাকতে হবে।

আগ্রহী অভিভাবকদেরকে আগামী ১০ মার্চ ২০২৩ তারিখের মধ্যে অংশগ্রহণকারী শিশুদের নাম ও বয়স Mobile SMS (৬৩১৪২৩৫২৫ রাষ্ট্রদূত মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা মো: সাইফুল ইসলাম) অথবা Email: mission.madrid@mofa.gov.bd এর মাধ্যমে দূতাবাসকে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

১১ মার্চ ২০২৩ (বিকাল) চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী শিশু কিশোরদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে এবং ফেসবুক ও ওয়েবপেজে তাদের নাম প্রকাশ করা হবে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় স্পেন প্রবাসী বাংলাদেশী শিশু কিশোরদের স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

দূতাবাস কর্তৃপক্ষ

বিতরণ:

- ১। দূতাবাসের সকল কর্মকর্তা/কর্মচারী, বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ।
- ২। স্পেন প্রবাসী বাংলাদেশ কমিউনিটি।
- ৩। দূতাবাসের নোটিশ বোর্ড/ ওয়েবসাইট ও ফেসবুক।
- ৪। সংশ্লিষ্ট নথি।